ভারতে প্রবেশকারী যাত্রীদের জন্য নতুন প্যাসেঞ্জার ফ্যাসিলিটেশন ফি কার্যকর

সংগৃহীত ছবি

বাংলাদেশ থেকে ভারতে ভ্রমণকারীদের জন্য নতুন প্যাসেঞ্জার ফ্যাসিলিটেশন ফি কার্যকর ফি আরোপ করেছে ভারত সরকার। আজ ১ জানুয়ারি ২০২৬ থেকে এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

ঘোষণা অনুযায়ী, বাংলাদেশ থেকে ভারতে প্রবেশকারী প্রত্যেক যাত্রীকে Passenger Facilitation Fee হিসেবে জনপ্রতি ২০০ ভারতীয় রুপি পরিশোধ করতে হবে। এই ফি ভারতীয় বর্ডার বা ইমিগ্রেশন পয়েন্টে জমা দিতে হবে এবং এটি সব ধরনের যাত্রীর ক্ষেত্রেই প্রযোজ্য হবে।

ভারত কর্তৃপক্ষ জানিয়েছে, যাত্রীসেবা ও সীমান্ত ব্যবস্থাপনা আরও সহজ ও কার্যকর করতে বাংলাদেশের ট্রাভেল ট্যাক্সের আদলে এই ফি চালু করা হয়েছে। ভ্রমণকারীদের অপ্রত্যাশিত ভোগান্তি এড়াতে যাত্রার আগে প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে বের হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।